
এস·বি·পি·প্রোডাকসন্সের
পদ্মগোলাপ
পরিচালনা অজিত লাহিড়ী · সঙ্গীত শ্যামল মিত্র
মঞ্জুসা ফিল্মস্ পরিবেশিত

## "পদ্ম গোলাপ"

শ্রেষ্ঠাংশে— সৌমিত্র, অপর্ণা।

অন্যান্য বিশেষ ভূমিকায় — অজিতেশ বন্দোপাধ্যায়, অনুপ কুমার, সত্য বন্দোপাধ্যায়, অনুভা গুপ্তা (ঘোষ), শৈলেন মুখোপাধ্যায়, অরুণ মিত্র (এ্যা), অরুণ দে, চারণদল ও আরও অনেকে।

কাহিনী— ডাঃ বিশ্বনাথ রায়।

প্রযোজনা— শুভঙ্কর বন্দোপাধ্যায়

সহযোগী প্রযোজিকা—গৌরী মিত্র।

চিত্রনাট্য— বারীন্দ্র নাথ দাস।

চিত্রগ্রহণ— বিজয় দে।

সঙ্গীত - শ্যামল মিত্র।

সম্পাদনা - গোবিন্দ চট্টোপাধ্যায়।

শব্দগ্রহণ -- জে ডি, ইরাণী, অবনী চট্টোপাধ্যায়, ও রবীন সেনগুপ্ত।

রূপসজ্জা— মনোতোষ রায়।

কর্মাধ্যক্ষ— নিতাই সরকার, সুন্দরলাল সরকার।

পটশিল্প— কবি দাসগুপ্ত। সাজসজ্জা— সরযূলাল।

স্থিরচিত্র— 'ষ্টুডিও বলাকা'।

সহকারীবৃন্দ :—

পরিচালনা— বকুল মজুমদার, দীপেন ভট্টাচার্য্য।

চিত্রগ্রহণ— শান্তি দত্ত, বিমল চৌধুরী, বিশ্বজিৎ বন্দোপাধ্যায়।

শিল্প নির্দ্দেশনা— অনিল পাইন।

রূপসজ্জা— বিলুরাণা।

পটশিল্প— প্রবোধ ভট্টাচার্য্য।

সঙ্গীত - শৈলেশ রায়, সলিল মিত্র।

সম্পাদনা— অনিল দাস, বৈদ্যনাথ মিশ্র।

প্রোডাকসন্স এ্যাসিসটেন্ট— বেচু প্রামাণিক, অনিল দাস, রাম মণ্ডল

ইন্দ্রপুরী ষ্টুডিওতে আর, সি, এ শব্দযন্ত্রে গৃহীত।

ধীরেন দাসগুপ্তের

তত্ত্বাবধানে ফিল্ম সার্ভিসেস ল্যাবোরেটারীতে পরিস্ফুটিত।

প্রধান কর্মাধ্যক্ষ— রমাশঙ্কর মিশ্র।

কণ্ঠ সঙ্গীত— কিশোর কুমার, আরতি মুখার্জ্জী ও সন্ধ্যা মুখার্জ্জী।

পরিবেশনা— বিশ্ব পরিবেশনা মঞ্জুষা ফিল্মস্, কলিকাতা।

--কৃতজ্ঞতা স্বীকার—

১) সেক্রেটারী অর্ডিনান্স ক্লাব কলিকাতা। ২) ক্যাঃ অমরজিৎ সোয়েন

# -পদ্মগোলাপ-

## — সারাংশ —

॥ দুই বিপরীত ধর্ম্মী চরিত্র নিয়ে এই কাহিনীর সূত্রপাত। বড় ভাই রাধাকান্ত উদার মানবিকতার জলন্ত প্রতিমূর্ত্তি। কিন্তু ছোট ভাই রমাকান্ত ........? রমাকান্ত অতিরিক্ত মুনাফার লোভে অসদুপায়ে রহস্যজনক ব্যবসায়ে লিপ্ত ছিল। এইভাবে চতুর রমাকান্ত অত্যন্ত সুকৌশলে বড় ভাইয়ের বাড়ীটি ধীরে ধীরে হস্তগত করে!! কিন্তু কেন ... ? পরবর্ত্তী স্তরে রমাকান্তের উক্ত-ব্যবসায়ের ম্যানেজার সম্পত্তির প্রলোভনে একমাত্র কন্যাকে পরিণয়-সূত্রে আবদ্ধ করতে চায় ............... কিন্তু রমাকান্ত এ প্রস্তাবে সম্মত হয়েছিল ...............?

কিন্তু হঠাৎ যেন কোথায় ছেদ্ পড়ে গেল। এরই মধ্যে একটা নয়। ———— দু'দুটো রহস্যজনক হত্যাকাণ্ড ঘটে যায়!! কেনই বা এই হত্যাকাণ্ড ............? এই হত্যাকাণ্ডের রহস্য উদ্ঘাটন করতে গিয়ে পুলিশের চোখে রমাকান্ত সন্দেহভাজন হয়ে পড়ে!!

॥ পরিশেষে পুলিশ কি প্রকৃত হত্যাকারী কে সাব্যস্ত করতে পারলো ..........?

॥ রাধাকান্ত মুখার্জ্জী কি হৃত সম্পত্তি ফিরে পেলো .........?

এই সমস্ত ভয়াবহ ঘটনার সমাধান ...........রূপালী পর্দ্দায় দেখুন।

আ.........
আমি আছি তবু নেই
যতটুকু আছে মোর সে তো শেষ যেন শুরুতেই
আমি আছি তবু নেই
আমি আছি তবু নেই
যতটুকু আছে মোর সে তো শেষ যেন শুরুতেই
আমি আছি তবু নেই
আমি আছি তবু নেই
আমি আঁধারের ছায়া
ধূ ধূ মরিচীকা মায়া
আমি আঁধারের ছায়া
ধূ ধূ মরিচীকা মায়া
মরু নয় আমি যে মরণ
বোঝে নদী কাছে আসে যেই
মরু নয় আমি যে মরণ
বোঝে নদী কাছে আসে যেই
যতটুকু আছে মোর সে তো শেষ যেন শুরুতেই
আমি আছি তবু নেই
আ............ আ............
আমি আলেয়ারী ফাঁকি
শুধু আড়ালেই থাকি
আমি আলেয়ারী ফাঁকি
শুধু আড়ালেই থাকি
আজ লেগেছে জীবনে মোর
হায় কার অভিশাপ এই
আজ লেগেছে জীবনে মোর
হায় কার অভিশাপ এই
যতটুকু আছে মোর সে তো শেষ যেন শুরুতেই
আমি আছি তবু নেই
আমি আছি তবু নেই

( সন্ধ্যা মুখোপাধ্যায় )



মেঘ আর কুয়াশায় হোক নয় লুকোচুরি খেলা
পুরোনো যা ফুরোনো যা সব যেন আজ মুছে ফেলা
মেঘ আর কুয়াশায় হোক নয় লুকোচুরি খেলা
পুরোনো যা ফুরোনো যা সব যেন আজ মুছে ফেলা
নতুন গান যে জাগালো প্রাণ যে
জানিনা কি আজ তাই।

মেঘ আর কুয়াশায় হোক নয় লুকোচুরি খেলা
পুরোনো যা ফুরোনো যা সব যেন আজ মুছে ফেলা
সারাবেলা পাইনেরই পাতা ঝরে যায়
এ জীবন যেন আজ সুরে ভরে যায়
সারাবেলা পাইনেরই পাতা ঝরে যায়
এ জীবন যেন আজ সুরে ভরে যায়
কে যেন এখন নিয়ে খেলা করে যায়
নতুন গান যে জাগালো প্রাণ যে
জানিনা কি আজ তাই।

মেঘ আর কুয়াশায় হোক নয় লুকোচুরি খেলা
পুরোনো যা ফুরোনো যা সব যেন আজ মুছে ফেলা
এই আলো এই হাসি এতো ক্ষণিকের
শুরু হয়ে জানি ওগো শেষ আছে এর
এই আলো এই হাসি এতো ক্ষণিকের
শুরু হয়ে জানি ওগো শেষ আছে এর
অজানা যে ডাকে আজ হাত বাড়িয়ে
আকাশের নীল সীমা যায় ছাড়িয়ে
অজানা যে ডাকে আজ হাত বাড়িয়ে
আকাশের নীল সীমা যায় ছাড়িয়ে
মন যেন মন থেকে যায় হারিয়ে
নতুন গান যে জাগালো প্রাণ যে
খুশীতে দুলে ওঠে তাই।


মেঘ আর কুয়াশায় হোক নয় লুকোচুরি খেলা
পুরোনো যা ফুরোনো যা সব যেন আজ মুছে ফেলা
মেঘ আর কুয়াশায় হোক নয় লুকোচুরি খেলা
পুরোনো যা ফুরোনো যা সব যেন আজ মুছে ফেলা

( কিশোরকুমার ও আরতী মুখোপাধ্যায় )

ভালো লাগে কাছে থাকলে
আরো ভালোলাগে
আরো কিছু কাছে ডাকলে
কাছে থাকলে ভালোলাগে
ভালোলাগে কাছে থাকলে
আরো ভালোলাগে
আরো কিছু কাছে ডাকলে
কাছে থাকলে ভালোলাগে
ভালোলাগে কাছে থাকলে ॥
যখন দূরের আকাশ নীল হয়
চোখে চোখে তখনই তো মিল হয়।
যখন দূরের আকাশ নীল হয়
চোখে চোখে তখনই তো মিল হয়।
যেন কত লাজে গো
এই মন মাঝে গো
শুনি বাঁশী বাজে গো
আরো ভালোলাগে
আরো কিছু কাছে ডাকলে
কাছে থাকলে ভালোলাগে
ভালোলাগে কাছে থাকলে ॥
সকলের মতো আমিও যে শুধু ভাববো
জীবন সে এক রূপকথা ভরা কাব্য
সকলের মতো আমিও যে শুধু ভাববো
জীবন সে এক রূপকথা ভরা কাব্য
দোলে হাওয়ায় বনের অঞ্চল
হ'ল বুঝি তাই মন চঞ্চল
দোলে হাওয়ায় বনের অঞ্চল
হ'ল বুঝি তাই মন চঞ্চল
কিছু আলো আশাতে
যেন ভালোবাসাতে
জাগে সুর ভাষাতে
আরো ভালোলাগে
আরো কিছু কাছে ডাকলে
কাছে থাকলে ভালোলাগে
ভালোলাগে কাছে থাকলে ॥
( সন্ধ্যা মুখোপাধ্যায় )

ফিরে যাও ফিরে যাও
এখনও সময় আছে ফিরে যাও
কে আমি কেন জেনে নিতে চাও
ফিরে যাও
এখনও সময় আছে ফিরে যাও
ফিরে যাও
মায়ামৃগ দেখে কি গো
তারে ধরা যায়
তাকে কি কখনও বল ঘর গড়া যায়
আগুনে পতঙ্গ হয়ে ঝাঁপ কেন দাও
ফিরে যাও—এখনও সময় আছে ফিরে যাও, ফিরে যাও
নিশীথ আলেয়া কি. জানিতে চেও না
রং ভরা রামধনু ধরিতে যেও না
এখানে এলে তো কেউ যায় নাগো ফিরে
কুয়াশায় সব কিছু থাকে শুধু ঘিরে ॥
মরীচিকা তারে যেন
জল ভেবে নাও
নাও—নাও
ফিরে যাও—এখনও সময় আছে,
ফিরে যাও
কে আমি কেন জেনে নিতে চাও
চাও—চাও—চাও

( কিশোরকুমার )




মঞ্জুসা ফিল্মস্‌-এর
পরবর্ত্তী
ছবি
আরণ্যক
কাহিনী·বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
চিত্রনাট্য·সমরেশ বসু·সঙ্গীত·কিশোর কুমার
পরিচালনা·অজিত লাহিড়ী